

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

নির্বাহী প্রকৌশলীর দপ্তর  
ঝিনাইদহ পওর বিভাগ  
বাপাউবো, ঝিনাইদহ  
টেলিফোনঃ ০৪৫১-৬২১৩৬



www.bwdb.jhenaidah.gov.bd

Office of the  
Executive Engineer  
Jhenaidah O&M Division  
BWDB, Jhenaidah  
Tel: 0451-62136

e-mail: ee.bwdb.jhenaidah@gmail.com



স্মারক নং-ই-১/১৭০৮

তারিখঃ ২৬-০৭-২০২১ খ্রি.

**“সীমিত দরপত্র পদ্ধতির আওতায় কার্যক্রম ও পণ্য সরবরাহ নেওয়ার লক্ষ্যে ঠিকাদার (তালিকাভুক্তি/নবায়নের) সময় বর্ধিত করনের বিজ্ঞপ্তি”**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঝিনাইদহ পওর বিভাগ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঝিনাইদহ এর অধীন পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর আলোকে সীমিত দরপত্র পদ্ধতির আওতায় অনধিক ০৩(তিন) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীণ কার্যক্রম ও ২৫ (পঁচিশ) লক্ষ টাকা পর্যন্ত পণ্য সরবরাহের লক্ষ্যে ২০২১-২০২২ অর্থ বছরের জন্য ঠিকাদার/সরবরাহকারীদের তালিকাভুক্তি ও নবায়ন করা হবে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী(পুর), কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকার স্মারক নং-৪২.০১.০০০.০০৫.২২.০০৩.১৫-১৩৪; তারিখঃ ২০-০৭-২০২০ খ্রি. এর ধারাবাহিকতায় নির্ধারিত আবেদন (ডকুমেন্ট) ফরম এর মূল্য ৫০০.০০ (পাঁচশত) টাকা অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (রয়াক), বাপাউবো, কুষ্টিয়ার অনুকূলে পরিশোধ সাপেক্ষে অত্র দপ্তরের প্রাক্কলন শাখায় দাখিলের মাধ্যমে আবেদনপত্র (ডকুমেন্ট) সংগ্রহ করা যাবে। ঠিকাদার তালিকাভুক্তি ও নবায়নের কার্যক্রম সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ছাড়া সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত অব্যাহত থাকবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর তালিকাভুক্তি ফরম বিক্রয়এবং নবায়নের আবেদন গ্রহণ করা হবে না।

**১। ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি আবেদনের সময় বর্ধিত করনের তফসিলঃ**

ক্রমিক নং	আবেদনের ধরণ	ফরম বিক্রয় আরম্ভের তারিখ	ফরম বিক্রয়ের শেষ তারিখ	তালিকাভুক্তির আবেদন গ্রহণের সর্বশেষ তারিখ
১	ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি (কার্য/পণ্য)	০১-০৭-২০২১ খ্রি.	৩১-০৮-২০২১ খ্রি.	০১-০৯-২০২১ খ্রি.

২। তালিকাভুক্তির আবেদনে উল্লেখিত শর্তাবলী পূরণ সাপেক্ষে ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তির নিবন্ধন বহি ইস্যু করা হবে।

**৩। তালিকাভুক্তি ঠিকাদার/সরবরাহকারীদের নবায়নের সময় বর্ধিত করনের তফসিলঃ**

ক্রমিক নং	নিবন্ধন বহি জমাদান আরম্ভের তারিখ	নিবন্ধন বহি জমাদান সমাপ্তির তারিখ	নবায়ন বহি পুনঃ ইস্যু করে ফেরত প্রদান আরম্ভের তারিখ	নবায়ন বহি পুনঃ ইস্যু করে ফেরত প্রদান সমাপ্তির তারিখ
১	০১-০৭-২০২১ খ্রি.	৩১-০৮-২০২১ খ্রি.	০১-০৯-২০২১ খ্রি.	১৫-০৯-২০২১ খ্রি.

৪। ইতোপূর্বে অত্র দপ্তর হতে ইস্যুকৃত নিবন্ধন বহিতে উল্লেখিত শর্তাবলী পূরণ পূর্বক ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি নবায়ন করা যাবে।

(মোঃ আফজার উদ্দিন)

নির্বাহী প্রকৌশলী(অঃদাঃ)

পরিচিতি নং- ৬৫০৩০১০০৫

ঝিনাইদহ পওর বিভাগ

বাপাউবো, ঝিনাইদহ।

স্মারক নং-ই-১/১৭০৮/১(১৪)

তারিখঃ ২৬-০৭-২০২১খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১) প্রধান প্রকৌশলী, পশ্চিমাঞ্চল, বাপাউবো, ফরিদপুর।
- ২) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কুষ্টিয়া পওর সার্কেল, বাপাউবো, কুষ্টিয়া।(নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)।
- ৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা।
- ৪) পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা(বহুল প্রচারিত ১টি বাংলা ও ১টি ইংরেজি জাতীয় দৈনিক পত্রিকা এবং ১টি আঞ্চলিক দৈনিক পত্রিকায় প্রকাশের অনুরোধসহ)।
- ৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন-৭২ গ্রীণ রোড, ঢাকা। (তালিকাটি বাপাউবোর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬) সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, পানি ভবন, ঢাকা।
- ৭) জেলা প্রশাসক, ঝিনাইদহ। (নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)।
- ৮) পুলিশ সুপার, ঝিনাইদহ। (নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)।
- ৯) উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র(রয়াক), বাপাউবো, কুষ্টিয়া।
- ১০) উপ-বিভাগীয় প্রকৌশলী, ঝিনাইদহ/শেলকুপা পওর উপ-বিভাগ, বাপাউবো, ঝিনাইদহ।
- ১১) প্রাক্কলনিক, ঝিনাইদহ পওর বিভাগ, বাপাউবো, ঝিনাইদহ। তাহাকে ঠিকাদার তালিকাভুক্তি ফরম বিক্রয় ও আবেদনপত্র গ্রহণ এবং ঠিকাদার তালিকাভুক্তি/নবায়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।
- ১২) হিসাব শাখা, ঝিনাইদহপওর বিভাগ, বাপাউবো, ঝিনাইদহ।
- ১৩) দপ্তর কপি।

নির্বাহী প্রকৌশলী

ঝিনাইদহ পওর বিভাগ

বাপাউবো, ঝিনাইদহ।